গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৯.২২-১১৯৯

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩০
০১ আগস্ট ২০২৩

বিষয়: সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য অনুষ্ঠিত ২০২৩ খ্রিষ্টাব্দের ৩য় আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-৩০১, তারিখ: ২৫ জুলাই ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে এ বিভাগের নগর উন্নয়ন-২ শাখা হতে প্রাপ্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ফারজানা মান্নান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র/ প্রশাসক
..................................... পৌরসভা (সকল)

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সহকারী সচিব, নগর উন্নয়ন-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি**

**বিষয়: সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য অনুষ্ঠিত ২০২৩ খ্রিষ্টাব্দের ৩য় আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ তাজুল ইসলাম এমপি<br>মাননীয় মন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| স্থান | : | সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : | ১৯ জুলাই, ২০২৩, বিকাল ৩:০০ ঘটিকা |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক** |

মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মুহম্মদ ইব্রাহিম সভা শুরু করেন। তিনি বলেন যে, এটি ২০২৩ খ্রিষ্টাব্দের ৩য় আন্তঃমন্ত্রণালয় সভা। ইতোমধ্যে এ বিভাগ কর্তৃক মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ০৯ এপ্রিল, ২০২৩ তারিখে ১ম আন্তঃমন্ত্রণালয় সভা এবং ২২ জুন, ২০২৩ তারিখে ২য় আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সম্প্রতি ঢাকা মহানগরসহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগে প্রচুর মানুষ আক্রান্ত হচ্ছে এবং মৃত্যুবরণ করছে। বিগত সভার নির্দেশনার আলোকে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং দ্রুত করণীয় কার্যক্রম সম্পর্কে আলোচনার জন্য আজকের এ সভা আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে তিনি সূচনা বক্তব্য প্রদান করার জন্য মাননীয় মন্ত্রী ও সভার সভাপতিকে অনুরোধ জানান।

২। মাননীয় মন্ত্রী সভায় উপস্থিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত কীটতত্ত্ববিদ ও সাংবাদিকবৃন্দকে স্বাগত জানান। তিনি বলেন যে, এডিস মশাবাহিত ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব ঢাকা মহানগরসহ সারাদেশে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া ঢাকা শহরের বাইরেও এডিস মশার প্রাদুর্ভাব লক্ষ্য করা যাচ্ছে। ডেঙ্গুর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণের সকল প্রকার কার্যক্রম অব্যাহত রয়েছে। কিন্তু তারপরও ডেঙ্গু আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে বেশি হওয়ায় তিনি উদ্বেগ প্রকাশ করেন। এটি নিয়ন্ত্রণে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য তিনি সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে ডেঙ্গু নিয়ন্ত্রণে আর কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা যায় এবং এ বিষয়ে অন্যান্য করণীয় সম্পর্কে অবহিত করার জন্য তিনি উপস্থিত সকলকে আহ্বান জানান।

৩। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম জানান যে, তিনি ০৮ জুলাই, ২০২৩ জাপান গার্ডেন পরিদর্শন করেন। সেখানে ২৭টি ভবনের নিচে গাড়ি পরিষ্কার করার স্থানে লার্ভা পাওয়া গিয়েছে। এছাড়া পেট্রো বাংলা পরিদর্শনকালে সেখানে ড্রেনে লার্ভা পাওয়া গিয়েছে। তিনি বলেন যে, সবাইকে যার যার বাসাবাড়ি ও আঙ্গিনা পরিষ্কার রাখতে হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন থেকে কল সেন্টারের মাধ্যমে বাসা বাড়িতে ফোন দিয়ে সচেতন করা হচ্ছে। মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়-এর উপস্থিতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সাথে সভা করা হয়েছে। এছাড়া, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর উপস্থিতিতে সকল মসজিদের খতিবদের সাথে সভা করা হয়েছে এবং সচেতন করা হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে গত ১১ দিনে ১,০১,০০,০০০.০০ (এক কোটি এক লক্ষ) টাকা জরিমানা করা হয়েছে। "মশার কামড় ক্ষতিকর" এই স্লোগানে ০১ (এক) লক্ষ কার্টুন বই প্রস্তুত করা হয়েছে এবং প্রত্যেকটি কিন্ডার গার্টেন/স্কুলে বিতরণ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

যুগ্ম-সচিব (নঃউঃ-২) এর দপ্তর
স্মাঃ নং তাং
১। পৌর-১ শাখা
২। পৌর-২ শাখা
যুগ্ম-সচিব
স্থানীয় সরকার বিভাগ

তবে ডেঙ্গু নিয়ন্ত্রণে সামাজিকভাবে সকলকে সচেতন হতে হবে। গাড়ি পার্কিং-এর জায়গায় যেন পানি জমে না থাকে সে বিষয়ে সকলকে সচেতন হতে হবে। এছাড়া সকল মোবাইল ফোন অপারেটর থেকে সচেতনতামূলক মেসেজ পাঠানোর জন্য বিটিআরসি (BTRC)-কে নির্দেশনা দেয়া যেতে পারে মর্মে তিনি সভাকে জানান।

৪। মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ৫৫ টি হেলথ কমপ্লেক্স আছে। সেখানে বিনামূল্যে ডেঙ্গু রোগী সনাক্ত করার জন্য পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া জেনারেল হসপিটালে পর্যাপ্ত সিট আছে এবং সেখানে বিনামূল্যে চিকিৎসা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যেসকল বিল্ডিংয়ে ছাদবাগান রয়েছে সেখানে সকলকে আরও সচেতন হতে হবে। অনেক ছাদবাগানেই জমা পানি পাওয়া যাচ্ছে। হাউজিং সোসাইটি, সরকারি, আধা সরকারি সংস্থার অফিসগুলোতে ছাদের উপর পানি জমে থাকে। এক্ষেত্রে তাদের নিকট হতে জরিমানা আদায় করা হয়েছে।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সভাকে জানান যে, স্বাস্থ্য অধিদপ্তর থেকে তথ্য পাওয়ার সাথে সাথে ৩৫ টি এলাকাকে ঝুঁকিপূর্ণ বিবেচনা করে চিরুনী অভিযান পরিচালনা করা হয়েছে। পাশাপাশি মসজিদে লিফলেট বিতরণ করা হয়েছে। প্রতিটি ওয়ার্ডে মসজিদের ইমাম, স্কুল শিক্ষক, বেসরকারি সংস্থার প্রতিনিধি, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সম্পৃক্ত করে কমিটি গঠন করা হয়েছে। এছাড়া ঈদের মৌসুমে অতিরিক্ত বৃষ্টি হওয়ার ফলে স্কুলের ছাত্র-ছাত্রীরা যেন ডেঙ্গুতে আক্রান্ত না হয় সে কারণে ৮৭২ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার করা হয়েছে। ইতিমধ্যে ১২ টি ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে. ৩৪৭১ টি বাসা পরিদর্শন করে ২২৬ টি বাসায় লার্ভা পাওয়া গেছে এবং ৩০ লক্ষ টাকার উপরে জরিমানা করা হয়েছে। এছাড়া বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী ধারাবাহিকভাবে প্রতিদিন কাজ করা হচ্ছে। তিনি বলেন, সকল সরকারি স্থাপনা ও আবাসিক এলাকা পরিষ্কার করতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে সকল ছাত্র-ছাত্রীদের ডেঙ্গু সম্পর্কে সচেতন করতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পরিষ্কার রাখার বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। ব্যক্তি পর্যায়ে সকলকে আরোও বেশি সচেতন হতে হবে।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভাকে জানান যে, প্রতিটি এলাকায় হটস্পট চিহ্নিত করে অভিযান পরিচালনা করা হচ্ছে এবং নিয়মিত মামলা করা হচ্ছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় মশক নিধনে যুক্তরাষ্ট্রের Environmental Production Agency (EPA) কর্তৃক অনুমোদিত Bacillus Thuringiensis Israelensis (BTI) নামক একটি ব্যাকটেরিয়া ব্যবহার করা হচ্ছে।

৭। পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর সভাকে জানান যে, ০১ জানুয়ারি, ২০২৩ থেকে ১৮ জুলাই, ২০২৩ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত মোট ২৪,০০০ জন রোগী ইতোমধ্যে সনাক্ত করা হয়েছে, হাসপাতাল থেকে ১৮,০০০ জন রোগী সুস্থ হয়ে বাড়ি ফিরেছে এবং ১২৭ জন রোগী মৃত্যুবরণ করেছে। গত কয়েক বছরের মৃত্যুর সংখ্যার সাথে তুলনা করলে এটি বহুগুণে বেশি যা অপ্রত্যাশিত। গত ২৪ ঘন্টায় ১৩ জন রোগী মৃত্যুবরণ করেছে। তাছাড়া, জ্বর হওয়ার সাথে সাথেই রোগীর হাসপাতালে ভর্তি না হওয়ার কারণে মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এক্ষেত্রে সকলকে জ্বর হওয়ার সাথে সাথেই হাসাপাতালে ভর্তি হওয়ার জন্য আরো সচেতন করতে হবে। তিনি বলেন, প্রতিটি হাসপাতালে ডেঙ্গু রোগীকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে ভর্তি করা হচ্ছে। চিকিৎসা সেবা ও চিকিৎসা ব্যবস্থাপনায় কোন ত্রুটি বা ঘাটতি নেই। জনগণকে সচেতন করার জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে যা চলমান রয়েছে।

৮। জনাব কবিরুল বাশার, অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জানান যে, ডেঙ্গু নিয়ন্ত্রণে মনিটরিং কার্যক্রম ও ইভালুয়েশন বাড়াতে হবে। শুধুমাত্র সিটি কর্পোরেশনের পক্ষে ডেঙ্গু নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। ডেঙ্গু নিয়ন্ত্রণে রাখতে হলে সকলকে সম্পৃক্ত করতে হবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানকে চিঠি দিয়ে ডেঙ্গু বিষয়ে সচেতন করতে হবে। নিমার্ণাধীন ভবন, সরকারি ভবন, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠানে মশার প্রাদুর্ভাব লক্ষ্য করা যাচ্ছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নিবন্ধিত সামাজিক সংগঠনগুলোকে ডেঙ্গু ও এডিস মশা নিয়ন্ত্রণে একটি সচেতনতামূলক প্রোগ্রাম করার নির্দেশনা দেয়া প্রয়োজন।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

৯। **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা তৈরির কার্যক্রমকে সামাজিক আন্দোলনে রূপ দিতে হবে। ইতোপূর্বের সিদ্ধান্ত মোতাবেক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্ড কমিশনারের নেতৃত্বে সিটি কর্পোরেশনের প্রত্যেক ওয়ার্ডকে ১০টি zone-এ ভাগ করে সকল শ্রেণি/পেশার মানুষকে কার্যক্রমে সম্পৃক্ত করে জনসচেতনতা সৃষ্টি করতে হবে। | সিটি কর্পোরেশন (সকল) |
| ০২ | "ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা" অনুযায়ী সকল জেলা প্রশাসক জেলা কমিটির জরুরি সভা করবেন এবং তার অধিক্ষেত্রে ডেঙ্গু মশা নিধনে কর্মপরিকল্পনা গ্রহণ করবেন। পাশাপাশি পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটির সভা আহবান ও তাদের কার্যক্রম নিশ্চিত করবেন। | ১। জেলা প্রশাসক (সকল)<br>২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল) |
| ০৩ | (ক) স্থানীয় সরকার বিভাগে ১টি Dengue Control Room স্থাপন করতে হবে।<br>(খ) প্রত্যেক সিটি কর্পোরেশনেও অনুরূপ Dengue Control Room স্থাপন করতে হবে এবং সিটি কর্পোরেশনের দৈনিক গৃহীত কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের Dengue Control Room-কে অবহিত করতে হবে। | ১। স্থানীয় সরকার বিভাগ<br>২। সিটি কর্পোরেশন (সকল) |
| ০৪ | সকল শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা ও চারপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি, শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে প্রচারণার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করতে হবে। | ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ<br>৩। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ০৫ | (ক) সকল সরকারি, আধাসরকারি অফিস/আবাসিক এলাকা যার যার নিজ দায়িত্বে পরিষ্কার করবেন। প্রয়োজনে সিটি কর্পোরেশনের সহযোগিতা নিতে হবে।<br>(খ) মন্ত্রণালয়/বিভাগ তার অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহকে অনুরূপ নির্দেশনা প্রদান করবে। | মন্ত্রণালয়/বিভাগ (সকল)<br>সিটি কর্পোরেশন (সকল) |
| ০৬ | ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগ প্রতিরোধে সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি অফিস, আদালত, হাসপাতাল, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনা ও চারপাশের পরিবেশ নিজ উদ্যোগে/প্রয়োজনে সিটি কর্পোরেশনের সহযোগিতায় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে একটি পত্র পেরণ করেতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ০৭ | নির্মাণাধীন ভবনে এডিস মশার লার্ভা পাওয়া গেলে প্রাথমিকভাবে সতর্ক করতে হবে। পরবর্তী অভিযানে লার্ভা পাওয়া গেলে জরিমানা করতে হবে এবং নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নির্দেশনা প্রদান করতে হবে। সর্বশেষ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে নির্মাণকাজ বন্ধ করতে হবে। | ১। সিটি কর্পোরেশন (সকল)<br>২। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ০৮ | ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল ফোনের মাধ্যমে খুদে বার্তা (এসএমএস) প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) |
| ০৯ | ডেঙ্গু মশার Hot Spot-গুলোতে তাৎক্ষণিক চিরুণী অভিযান পরিচালনাসহ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | সিটি কর্পোরেশন (সকল) |

১০। আলোচনা শেষে সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২৫/০৭/২০২৩খ্রি:
(মোঃ তাজুল ইসলাম এমপি)
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০ / ২৫ জুলাই ২০২৩

স্মারক নং: ৪৬.০০.০০০০.১০৭.০৫.০০৮.২৩-৩০১ (১/১০০)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় মেয়র, সিটি কর্পোরেশন (সকল)
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (সদয় জ্ঞাতার্থে)।
৪. সিনিয়র সচিব/সচিব ........................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)
৬. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
৭. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ....................................... বিভাগ (সকল)
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, ..................................... সিটি কর্পোরেশন (সকল)
১০. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/ খুলনা ওয়াসা
১১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ক্যাপ্টেন মনসুর আলী সরনি, কাকরাইল, ঢাকা
১৪. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
১৫. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা
১৮. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা
১৯. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা
২০. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ঢাকা
২১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
২২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
২৩. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা
২৪. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
২৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা
২৬. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা
২৭. শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার
২৮. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা/ জ্যেষ্ঠ স্বাস্থ্য কর্মকর্তা, ..................................... সিটি কর্পোরেশন (সকল)
২৯. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩০. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২/৩/প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১. চেয়ারম্যান, জেলা পরিষদ........................... (সকল)
৩২. জেলা প্রশাসক, .............................................. জেলা (সকল)
৩৩. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা
৩৪. উপসচিব (সিটি কর্পোরেশন-১/২/ জেলা পরিষদ/ পৌর-১/ পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. উপপরিচালক, স্থানীয় সরকার, ................................. জেলা (সকল)
৩৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ..............................(সকল)
৩৭. মেয়র, ............................................ পৌরসভা (সকল)
৩৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৯. জনাব মো: খলিলুর রহমান, সাবেক কীটতত্ত্ববিদ, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৪০. অধ্যাপক ড. কবিরুল বাশার, প্রাণিবিদ্যা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৪১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

25/07/2023

মোহাম্মদ শামীম বেপারী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev2@lgd.gov.bd